

মৎস্য সংকারান্ত বিষয়ে ভারত-শ্রীলংকা যৌথ কমিটির যৌথ প্রেস বিবৃতি

মৎস্য সংকারান্ত বিষয়ে ভারত-শ্রীলংকা যৌথ কমিটির প্রথম বৈঠক ২৯ আগস্ট ২০১৪ নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়। ভারতীয় দলের নেতৃত্ব দেন পশুপালন, ডেয়ারি ও মৎস্য বিভাগের যুগ্মসচিব(মৎস্য) ডঃ রাজাশেখর ভূনড্রু এবং শ্রীলংকার নেতৃত্ব দেন মৎস্য ও জলজ সম্পদের ডিরেক্টর জেনারেল মিঃ নিমাল হেট্টিয়ারাখছি।

যৌথ কমিটি মৎস্য ক্ষেত্রে যৌথ সহযোগিতার সম্ভাবনাগুলি খতিয়ে দেখেন। নিজ নিজ ক্ষেত্রে গবেষণা, উন্নয়ন ও প্রতিষ্ঠান নির্মাণে যৌথ সম্ভাবনাগুলি পর্যালোচনা করার বিষয়ে উভয় পক্ষ সহমত হন। যৌথ কমিটি এই সিদ্ধান্তে উপনীত হন যে, বর্তমানে কোনো বৈধ মৎস্যজীবী কোনো দেশের হেফাজতে নেই। উভয়পক্ষ যৌথ উদ্যোগের ব্যবস্থাপনার সম্ভাবনাগুলি নিয়ে আলোচনা করেন।

মৎস্য সংকারান্ত বিষয়ে যৌথ কমিটির ব্যবস্থাপনার অধীনে দ্বিপাক্ষিক বার্তালাপ পরিকল্পনার গতিবেগ বজায় রাখার প্রয়োজনীয়তার স্বীকৃতি দিয়ে উভয়পক্ষ কলম্বোতে সুবিধাজনক তারিখে যৌথ কমিটির পরবর্তী বৈঠক আয়োজন করার বিষয়ে সহমত হয়। উভয়পক্ষের মধ্যে আলোচনা করেই পরবর্তী বৈঠকের দিন স্থির করা হবে।

নয়াদিল্লি

২৯ আগস্ট ২০১৪